দৈনিক ইনকিলাব

২০৫

তারিখ ...28 APR 1998
পৃঃ ১২ কলাম ৪

বৃন্দ।

## ১২৮ জন বিশিষ্ট নাগরিক
# ঢাকা বিশ্ববিদ্যালয়ে হল দখলের রাজনীতি অবিলম্বে বন্ধ করুন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** শত নাগরিক কমিটির সদস্য ১২৮ জন বিশিষ্ট নাগরিক গতকাল এক যুক্ত বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবিলম্বে হল দখলের রাজনীতি বন্ধ করে, হল থেকে বহিরাগতদের উচ্ছেদ এবং বৈধ ছাত্রদের হলে অবস্থানের ব্যবস্থা গ্রহণ করে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ পুনঃ প্রতিষ্ঠার জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি জোর দাবী জানিয়েছেন।

শত নাগরিক কমিটির সভাপতি প্রফেসর এমাজউদ্দীন আহমদ স্বাক্ষরিত বিবৃতিতে বলা হয়, গত কয়েকদিন ধরে দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ে হত্যা, সন্ত্রাস ও জোরপূর্বক হল দখলের মতো যে সব হিংসাত্মক ঘটনা ঘটেছে এবং নিয়মতান্ত্রিক পন্থায় প্রতিবাদ করতে গিয়ে বহুসংখ্যক ছাত্র যেভাবে পুলিশের নির্মম নির্যাতনের শিকার হয়েছে তা শুধু নিন্দনীয় নয়, দুর্ভাগ্যজনকও। এই দেশের সচেতন নাগরিক হিসেবে তারা এতে গভীর উদ্বেগ প্রকাশ করেন।

বিবৃতিদাতা নাগরিকগণ হলেন ঃ প্রফেসর এম এ মাজেদ, অধ্যাপক আসকার ইবনে শাইখ, প্রফেসর এমাজউদ্দীন আহমদ, প্রফেসর এম মনিরুজ্জামান মিয়া, প্রফেসর আর আই চৌধুরী, প্রফেসর আব্দুল হামিদ, প্রফেসর আনিসুর রহমান, প্রফেসর মোহাম্মদ আলী, প্রফেসর কৃষিবিদ ডঃ আব্দুল হালিম, প্রফেসর শাহ মোহাম্মদ ফারুক, প্রফেসর বদিউল আলম, প্রফেসর ডঃ মাহবুবুল্লাহ, রিয়াজ উদ্দীন আহমেদ, সাদেখ খান, কৃষিবিদ এম এ সামাদ, প্রফেসর ডঃ গোলাম আলী ফকির, প্রফেসর মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রফেসর মাহমুদুল আমিন, এনায়েত উল্লাহ খান, প্রফেসর আসাদ উজ জামান, প্রফেসর জিন্নাতুন্নেসা তাহমিদা বেগম, প্রফেসর ইউসুফ হায়দার, প্রফেসর আবুল কালাম, প্রফেসর আবুল কালাম মঞ্জুর মোর্শেদ, প্রফেসর সাঈদ উর রহমান, প্রফেসর খন্দকার মোস্তাহিদুর রহমান, প্রফেসর এনামুল হক খান, প্রফেসর আফতাব আহমদ, আমানউল্লাহ কবীর, আঞ্জুমান আরা বেগম, মোবায়েদুর রহমান, এডভোকেট আব্দুল ওয়াদুদ খন্দকার, গিয়াস কামাল চৌধুরী, প্রকৌশলী এল কে সিদ্দিকী প্রমুখ।